ইত্তেফাক

তারিখ ... ... ৭।৭।৮০...
পৃষ্ঠা... ৩ ... কলাম ... ৩ ... ...

014



সারিয়াকান্দির দারুণা প্রাথমিক বিদ্যালয়ের ভাঙ্গাচুরা গৃহে অন্যদের সাথে বিশ্রামরত গরু ও নিদ্রিত রাখাল —ইত্তেফাক

## শিক্ষা 'বিপ্লবে'র যুগে—

বগুড়া, ৬ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)---বগুড়া জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে নানাবিধ সমস্যা ও অব্যবস্থা বিরাজ করায় ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া ব্যাহত হইতেছে।

জেলায় মোট এক হাজার ১৯০টি প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। তন্মধ্যে বহুসংখ্যক স্কুলে প্রয়োজনীয় বেড়া, চেয়ার, টেবিল, বেঞ্চ, ব্লাকবোর্ড ও অন্যান্য সাজ-সরঞ্জাম নাই বলিলেই চলে। কোন কোন বিদ্যালয়ের শিক্ষকগণ কর্তব্য কাজে দারুণ গাফিলতি প্রদর্শন করিতেছেন। জেলার বিদ্যালয়গুলিতে ১৭৩ জন শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন না পাওয়ায় শিক্ষক নিয়োগ করা যাইতেছে না বলিয়া জেলা বিদ্যালয় পরিদর্শক জানান। সারিয়াকান্দি থানার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় বর্তমানে গোয়াল ঘরে পরিণত হইয়াছে। গ্রামের বিচারাদি হইতে শুরু করিয়া কৃষকেরা কাজের অবসরে বিদ্যালয়গুলিতে বিশ্রাম গ্রহণ করিয়া থাকে। উক্ত থানার একশত প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৭টি বিদ্যালয়ে বেড়া নাই। ২০টি বিদ্যালয় বন্যায় ক্ষতিগ্রস্ত হয়।

058